

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৩০. কতটুকু ছোট গ্রামে জুমু'আ আদায় করা জায়েয হবে?

যত ছোট গ্রামই হোক সেখানে জুমু'আ পড়া জায়েয আছে। খলীফা ওমর (রা.) বাহরাইনের অধিবাসীদের লিখেছেন, তোমরা যেখানেই থাক জুমু'আ পড়। (মুসান্নাফে ইবনে আবী শাইবা; বুখারী ৮৯৩, ইফা ৮৯৩, আধুনিক ৮৪২) ইবনে উমর (রা.) মক্কা-মুকাররামা ও মদীনা মুনাওয়ারার মধ্যবর্তী পথে ছোট ছোট জনপদগুলোতে মানুষকে জুমুআ পড়তে দেখেছেন। তিনি তাতে কোন আপত্তি করতেন না। (মুসান্নাফে আঃ রাযযাক) অপরদিকে পাড়াগ্রামে জুমু'আ হবে না মর্মে খলীফা আলী (রা.)-এর উদ্ধৃতি দিয়ে একটি হাদীস বর্ণনার প্রচলন এ দেশে আছে। আসলে এটি সহীহ হাদীস নয়। (মাজাল্লাতুল বুহুসিল ইসলামিয়া- ১৬/৩৫২-৩৫৪, ২২/৭৫)। উল্লেখ্য যে, কোন অমুসলিম দেশে পড়াশোনা বা চাকরিরত অবস্থায় সেখানে মসজিদ না থাকলে কোন একটি রুমে ৩ জন মিলে জুমুআ পড়লেও তা আদায় হয়ে যাবে। (মাজাল্লাতুল বুহুসিল ইসলামিয়া- ১৫/৮৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13029

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন